



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নম্বর : ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭.৫০৯


তারিখ: ১৬ চৈত্র ১৪২৮  
৩০ মার্চ ২০২২

**বিষয় : নড়াইল জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যানগণের পূর্ণাঙ্গ তথ্য প্রেরণ।**

সূত্র : স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭.৫০৮, তারিখ: ৩০ মার্চ ২০২২।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, নড়াইল এর চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস এর বিরুদ্ধে ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনে দায়েরকৃত বিজ্ঞ স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে দায়েরকৃত স্পেশাল মামলা নং ১২/২০০৯ মূলে দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারার অপরাধের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ৫(পাঁচ) বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা) অর্থদণ্ড অনাদায়ে আরও ৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। সে প্রেক্ষিতে সূত্রস্থ প্রজ্ঞাপন মূলে তাঁকে জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১০ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী জেলা পরিষদ, নড়াইল এর চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত জেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যানের দায়িত্ব অর্পণের লক্ষ্যে প্যানেল চেয়ারম্যানগণের পূর্ণাঙ্গ তথ্য জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নড়াইল।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।